গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা ১০০০
www.dpdt.gov.bd

স্মারক নং- ৩৬.০৮.০০০০.০০১.১৯.৩৬৩.৯৫.৫২

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান, সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস), পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর গত ১১/০৫/২০১১খ্রি. তারিখ শারীরিক ও মানসিক অসুস্থ্যতার কথা উল্লেখপূর্বক অক্ষমতাজনিত পেনশনের জন্য দরখাস্ত দাখিল করেন। কিন্তু তিনি শারীরিক ও মানসিকভাবে চাকরি করার অযোগ্য কিনা সে বিষয়ে সিভিল সার্জন বা পরিচালক, মানসিক ইনস্টিটিউট হতে বা কোন বিশেষজ্ঞ চিকিৎসকের মতামত দাখিল করতে বলা হলে তিনি উক্তরুপ কোন সনদ দাখিল করেননি; এবং

০২। যেহেতু, তিনি কোনরুপ যোগাযোগ ব্যতিরেকে ১১/০৫/২০১১খ্রি. তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। অফিস স্মারক নং ৮৯.০০.০০০০.০০১.১০.৩৬৩(৯৫) অংশ-২/২০০৭/১৫৭৬ তারিখ ০১/০৪/২০১৩ খ্রি. অনুযায়ী তার অনুকূলে কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং স্থায়ী ঠিকানায় রেজিষ্ট্রার্ড ডাকযোগে প্রেরণ করা হয়। সময়সীমা অতিবাহিত হলেও এর কোন জবাব দাখিল করেননি কিংবা দপ্তরে কোন যোগাযোগ করেননি; এবং

০৩। যেহেতু, তিনি কাজে যোগদানের বিষয়ে গত ০৯/১০/২০১৬ তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করেন কিন্তু বাস্তবে কাজে যোগদান করেননি; এবং

০৪। যেহেতু, তার উপরোক্ত কার্যকলাপের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(গ) বিধি মোতাবেক পলায়নের অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী বিভাগীয় মামলা (মামলা নং-০৩/২০১৯) রুজু করে অধিদপ্তরের স্মারক নং ৩৬.০৮.০০০০.০০১.১৯.৩৬৩.৯৫.৫৮৯, তারিখ ০১/০৯/২০১৯ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

০৫। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরনীর প্রেক্ষিতে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য অনুরোধ করেন। শুনানীতে তিনি নিজেকে সুস্থ্য বলে দাবী করে কর্মে যোগদানের ইচ্ছা ব্যক্ত করলেও সুস্থ্যতার স্বপক্ষে কোন প্রমাণাদি দাখিল না করায় এবং তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের আনুষ্ঠানিকভাবে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

০৬। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ২৫/০৯/২০২৩ তারিখে সর্বশেষ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান, সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস) ১১/০৫/২০১১ খ্রি. তারিখে ইনভেলিড পেনশনের আবেদনের পর হতে ৬০ দিন বা ততোধিক সময় থেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে প্রমানিত হয়; এবং

০৭। যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে তার জবানবন্দি ও লিখিত বক্তব্য, সর্বশেষ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের সমসাময়িককালে কর্মরত কর্মচারীগণের বক্তব্য এবং নথি পর্যালোচনায় সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় যে, তিনি ১১/০৫/২০১১ খ্রি. তারিখ হতে একাধারে ৬০ দিন বা ততোধিক সময় থেকে অদ্যাবধি সরকারি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

০৮। যেহেতু, ১১/০৫/২০১১ তারিখ হতে একাধারে ৬০ দিন বা ততোধিক সময় থেকে অদ্যাবধি কর্মে অনুপস্থিত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক পলায়নের দোষে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হইতে বরখাস্তকরণ' নামীয় গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অধিদপ্তরের স্মারক নং ৩৬.০৮.০০০০.০০১.১৯.৩৬৩.৯৫.২২, তারিখ ২১/০১/২০২৬ মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়; এবং

০৯। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৮/০১/২০২৬ (প্রাপ্ত ০৮/০২/২০২৬) তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। নথিপত্রে প্রাপ্ত তথ্য-উপাত্ত এবং স্বাভাবিক যৌক্তিকতার বিচারে অভিযুক্তের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা এর সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস) জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামানকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

১০। সেহেতু, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা এর সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস) জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগনামার ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তার জবাব, ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্তের জবানবন্দি ও লিখিত বক্তব্য, বিভাগীয় মামলার সর্বশেষ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের সমসাময়িককালে কর্মরত কর্মচারীগণের বক্তব্য এবং নথি পর্যালোচনায় স্বাভাবিক যৌক্তিকতার বিচারে বর্ণিত পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী সরকারি চাকরি হইতে বরখাস্ত করা হলো।

১১। জনস্বার্থে এ আদেশ বিধি মোতাবেক ১১/০৫/২০১১ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- ১৬/০২/২০২৬

মোঃ জাহাঙ্গীর হোসেন
মহাপরিচালক
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
dg@dpdt.gov.bd
ফোন: ২২৩৩৮০৬৯৬

স্মারক নং- ৩৬.০৮.০০০০.০০১.১৯.৩৬৩.৯৫.৫২/২(৭)

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সকল), পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর. শিল্প মন্ত্রণালয়, শিল্পভবন, মতিঝিল, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর. শিল্প মন্ত্রণালয়, শিল্পভবন, মতিঝিল, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিলৃপ মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর. শিল্প মন্ত্রণালয়, শিল্পভবন, মতিঝিল, ঢাকা।
৬. জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান, সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস), পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ জনাব মোঃ আবু হেনা মোস্তফা জামান, সহকারী পরীক্ষক (ট্রেডমার্কস), পিতাঃ মোঃ ফজলুর রহমান মিয়া, বাসা নং-২১, রোড নং-২, শ্রী যোগেশ চন্দ্র লেন, নিউ সেন পাড়া, রংপুর)।
৭. অফিস কপি।

১৬/০২/২০২৬

মোঃ জাহাঙ্গীর হোসেন
মহাপরিচালক
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
dg@dpdt.gov.bd
ফোন: ২২৩৩৮০৬৯৬